তারিখ 29 APR 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

দৈনিক আমাদের সময়

# দেশে ধারাবাহিকভাবে শিক্ষক হত্যায় উদ্বিগ্ন সরকার : শিক্ষামন্ত্রী

সিলেট প্রতিনিধি ●

দেশে ধারাবাহিকভাবে শিক্ষক হত্যায় উদ্বিগ্ন সরকার। ভিন্নমত থাকতে পারে কিন্তু যারা বিভ্রান্ত এবং সমাজের শত্রু, তারাই এ ধরনের হত্যাকাণ্ড ঘটাচ্ছে বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল সিলেট আদালত চত্বরে আইনগত সহায়তা প্রদান দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান শেষে শিক্ষক হত্যা সম্পর্কে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেন শিক্ষামন্ত্রী। তিনি বলেন, সরকার ধনি-গরিব সব মানুষের বিচার পাওয়ার অধিকার নিশ্চিত করেছে। আইনগত সহায়তা প্রদান সংস্থা সিলেটের আয়োজনে এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিলেট জেলা দায়রা জজ মনির উদ্দিন পাটোয়ারি। এর আগে এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## দেশে ধারাবাহিকভাবে

(৩ এর পৃষ্ঠার পর) জেলা ও দায়রা জজ মনির আহমদ পাটোয়ারীর সভাপতিত্বে ও লিগাল এইড অফিসার তসলিমা শারমিনের পরিচালনায় আদালত প্রাঙ্গণে আলোচনাসভায় শিক্ষামন্ত্রী বলেন, যুদ্ধাপরাধীদের বিচারে একটি আন্তর্জাতিক মান রয়েছে। তাই দুনিয়ার কোনো আইনজীবী আমাদের মান নিয়ে প্রশ্ন তুলতে পারেনি। সুবিচার পাওয়ার মাধ্যমে ক্ষতিপূরণ হয় না, তবে সান্ত্বনা পাওয়া যায়। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন জননিরাপত্তা বিঘ্ন সৃষ্টিকারী আদালতের বিচারক মফিজুর রহমান ভূঁইয়া, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক বিমল শিকদার, মুখ্য বিচারিক হাকিম সাইফুজ্জামান হিরু, সিলেট জেলা বারের পিপি অ্যাড. মিসবাহ উদ্দিন সিরাজ প্রমুখ।